দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 MAR 2007
পৃষ্ঠা ৫ কলাম ৬

# আরব বিশ্বে নিরক্ষরতা মোকাবিলায় তহবিল গঠনের প্রস্তাব ইউনেস্কোর

॥ দোহা থেকে এএফপি ॥

আরব বিশ্বের প্রায় ৬ কোটি বাসিন্দার মধ্যে নিরক্ষরতার ক্ষতিকর প্রভাব মোকাবিলার জন্য জাতিসংঘের শিক্ষা-সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো একটি তহবিল গঠনের প্রস্তাব দিয়েছে। দোহার রাজধানী কাতারে অনুষ্ঠিত ইউনেস্কোর সম্মেলনে আরব নেতৃবৃন্দের প্রতি আহবান জানিয়ে বলা হয়, এই অঞ্চলের নিরক্ষরতা মোকাবিলায় তাদের এগিয়ে আসতে হবে। সম্মেলনে বলা হয়, এই আরব বিশ্বে ৫ কোটি ৮০ লাখ মানুষ পড়তে বা লিখতেই জানে না।

এছাড়া ৬৫ লাখ আরব শিশু স্কুলমুখীই হয় না। সম্মেলনে এই পরিস্থিতি মোকাবিলায় একটি আঞ্চলিক তহবিল গঠনের পরামর্শ দেয়া হয়। জাতিসংঘের এই শিক্ষা-সংস্কৃতি সংস্থার ওমর মুসা বিন জাফর বিন হাসান বলেন, আরব বিশ্বে মৌলিক শিক্ষার জন্য বছরে ৬০০ কোটি ডলার প্রয়োজন। জাতিসংঘের পরিসংখ্যান অনুযায়ী এই অঞ্চলে প্রায় ৩০ কোটি লোকের বাস। জাতিসংঘ কর্মকর্তার মতে এদের জন্য উপরোক্ত তহবিলের অর্থ যোগানো কোন সমস্যা নয়। এটা একটা ন্যূনতম অংক। কারণ এরা প্রতি বছর সামরিক খাতে ৩০ হাজার কোটি এবং বিজ্ঞাপন খাতে ৫০ হাজার কোটি ডলার ব্যয় করে থাকে।

ইউনেস্কোর মহাপরিচালক কোইশিরো মাসুউরা সাংবাদিকদের জানান, ইয়েমেন, সুদান ও মৌরিতানিয়ায় সবচেয়ে বেশি প্রয়োজন এই তহবিলের। কারণ ঐ সব দেশের বড় অভিশাপ হচ্ছে তাদের নিরক্ষতা।